# 7416 - রমযান মাসে মাসিক বন্ধ করে রাখা

## প্রশ্ন

কোন কোন নারী রমযান মাসে ইচ্ছাকৃতভাবে ট্যাবলেট খেয়ে মাসিক (হায়েয) বন্ধ করে রাখেন। এ কাজ করার প্ররোচনা হচ্ছে যাতে করে রমযানের রোযা পরে কাযা পালন করতে না হয়। এটা করা কি জায়েয? এক্ষেত্রে কি বিশেষ কোন শর্ত রয়েছে যাতে করে এ নারীগণ এ কাজটি না করেন?

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এ মাসয়ালায় আমার দৃষ্টিভঙ্গি হচ্ছে— কোন নারী যেন এ কাজটি না করেন। আল্লাহ্‌ যা নির্ধারণ করে রেখেছেন এবং নারী জাতির জন্য যা লিখে রেখেছেন সেটা সেভাবেই থাকুক। কারণ এ মাসিক দেয়ার মধ্যে আল্লাহ্‌র বিশেষ গূঢ় রহস্য রয়েছে। এই গূঢ় রহস্যটি নারীর প্রকৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ। যদি এই মাসিককে বাধাগ্রস্ত করা হয় নিঃসন্দেহে এর প্রতিক্রিয়ায় নারীর শরীরের উপর ক্ষতিকর প্রভাব পড়বে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “ক্ষতি করা নয় এবং পাল্টাপাল্টি ক্ষতি করাও নয়”। তাছাড়া এই ট্যাবলেটগুলোর গর্ভাশয়ের উপর ক্ষতিকর প্রভাব রয়েছে যা ডাক্তারগণ উল্লেখ করে থাকেন। তাই এই মাসয়ালায় আমার দৃষ্টিভঙ্গি হচ্ছে নারীরা যেন এই ট্যাবলেটগুলো ব্যবহার না করেন। আল্লাহ্‌র তাকদীর ও হেকমতের জন্য তার প্রশংসা। যখন কোন নারীর হায়েয শুরু হবে তখন তিনি রোযা ও নামায থেকে বিরত থাকবেন। যখন পবিত্র হবেন তখন রোযা ও নামায পুনরায় শুরু করবেন। যখন রমযান শেষ হবে তিনি রমযানের ছুটে যাওয়া রোযাগুলোর কাযা পালন করবেন।